

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৬৭

আগরতলা, ১১ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ১১ নভেম্বর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘আবার হাসপাতালের জেনেরিক কাউন্টার বন্ধের সিদ্ধান্ত, ক্ষোভ’ শিরোনামে এবং গত ৫ নভেম্বর, ২০২৪ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় ‘কমলপুরে একমাস ধরে বন্ধ জেনেরিক মেডিসিন সেন্টার, ভোগান্তি রোগীদের অভিযোগের নিশানায় সোসাইটির চেয়ারম্যান!’ শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।

কমলপুর জেনেরিক মেডিসিন কাউন্টারটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে চালু করার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু গত ৮ সেপ্টেম্বর কমলপুর প্রাইমারি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড এর পক্ষ থেকে চিঠি দিয়ে কমলপুর মহকুমা হাসপাতালের এসডিএমওকে জানানো হয় যে, কমলপুর জেনেরিক মেডিসিন কাউন্টারটির পরিচালনা করতে গিয়ে সমিতির বিশাল অঙ্কের অর্থ লোকসান হয়েছে। তাই সমিতির ৩১ আগস্ট কার্যকরি কমিটির সভায় এই কাউন্টার বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার কমলপুর মহকুমা হাসপাতাল সহ যে সমস্ত হাসপাতালে জেনেরিক মেডিসিন কাউন্টার বন্ধ রয়েছে এবং কার্যকর নয় সেখানে বিজ্ঞাপনের মাধ্যমে এজেন্সি নিযুক্ত করে কাউন্টার চালুর সিদ্ধান্ত নিয়েছে।
